

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৩৯৮

আগরতলা, ২৭ সেপ্টেম্বর, ২০২৪

**স্টেট ইনকাম অ্যান্ড রিলেটেড এগ্রিগেটস আঞ্চলিক কর্মশালা সমাপ্তি**

আগরতলার প্রজাভবনে ৫ দিনব্যাপী আঞ্চলিক স্টেট ইনকাম অ্যান্ড রিলেটেড এগ্রিগেটস কর্মশালা আজ সমাপ্ত হয়েছে। গত ২৩ সেপ্টেম্বর পরিসংখ্যান মন্ত্রী বিকাশ দেববর্মা এই কর্মশালার উদ্বোধন করেছিলেন। ভারত সরকারের মিনিস্ট্রি অব স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশনের উদ্যোগে ত্রিপুরা সরকারের পরিকল্পনা (স্ট্যাটিস্টিক্স) দপ্তরের সহায়তায় এই কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় ত্রিপুরা সহ ১২টি রাজ্যের পরিসংখ্যান দপ্তরের আধিকারিকগণ অংশ নেন।

কর্মশালার সমাপ্তি অনুষ্ঠানে রাজ্যের পরিসংখ্যান দপ্তরের বিশেষ সচিব অভিষেক চন্দ্র কর্মশালায় অংশগ্রহণের জন্য বিভিন্ন রাজ্যের পরিসংখ্যান আধিকারিকদের শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি বলেন, এ ধরণের আঞ্চলিক কর্মশালা মিনিস্ট্রি অব স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশনের আধিকারিকদের সাথে বিভিন্ন রাজ্যের পরিসংখ্যান আধিকারিকদের মতবিনিময়ের সুযোগ করে দিয়েছে। স্টেট ইনকাম এস্টিমেটস এবং রিলেটেড এগ্রিগেটস সঠিকভাবে নির্ণয়ের জন্য এ ধরণের কর্মশালার গুরুত্ব রয়েছে। স্টেট ইনকাম এগ্রিগেটসের সাথে জিএসডিপি (গ্রাস স্টেট ডোমেস্টিক প্রোডাক্ট) এনএসডিপি (নেট স্টেট ডোমেস্টিক প্রোডাক্ট) এবং পিসিআই (পার ক্যাপিটা ইনকাম) একটি রাজ্যের অর্থনীতির বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়।

এই কর্মশালা রাজ্যগুলির মধ্যে বিশেষজ্ঞদের মধ্যে মতবিনিময়ের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি এবং সঠিক সিদ্ধান্ত নেওয়ার জন্য রাজ্যের আয় ও উৎপাদন নিরূপণে সহায়ক ভূমিকা নেবে। তাছাড়াও জাতীয় এবং রাজ্যস্তরে সঠিকভাবে আয় নিরূপণের জন্য অংশগ্রহণকারী রাজ্য, এনএসও, ডিইএস ত্রিপুরার মধ্যে সহযোগিতামূলক পরিবেশ তৈরি করবে বলে আশা করা হচ্ছে। স্টেট লেভেল ইনকাম এস্টিমেটকে আরও সঠিক করার ক্ষেত্রে উৎসাহ বৃদ্ধি করবে বলে আশা করা হয়েছে। কর্মশালার সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মিনিস্ট্রি অব স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশনের কেন্দ্রীয় উপমহানির্দেশক রাজীব কুমার, ওডিয়ার পরিসংখ্যান দপ্তরের অধিকর্তা ডাঃ বি বি নন্দা, আন্দামান-নিকোবর দীপপুঞ্জের পরিসংখ্যান দপ্তরের অধিকর্তা গৌরাঙ্গ মিশ্র, ত্রিপুরার পরিসংখ্যান দপ্তরের অধিকর্তা দেবানন্দ রিয়াৎ প্রমুখ। সমাপ্তি অনুষ্ঠানে বিভিন্ন রাজ্যের প্রতিনিধিদের হাতে শংসাপত্র তুলে দেন পরিসংখ্যান দপ্তরের বিশেষ সচিব অভিষেক চন্দ্র।

\*\*\*\*\*